যুগান্তর

তারিখ 09 JAN 2007
পৃষ্ঠা ৩ কলাম ৫

# আজ ভিকারুননিসায় প্রথম শ্রেণীতে ভর্তি পরীক্ষা

## ৮ সরকারি স্কুলের পরীক্ষা স্থগিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ভিকারুননিসা নূন স্কুলে আজ মূল দিবা শাখার প্রথম শ্রেণীর বাংলা মিডিয়ামের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। তবে 'বি' গ্রুপভুক্ত ৮টি সরকারি স্কুলের ভর্তি পরীক্ষা স্থগিত করা হয়েছে। আগামী শুক্রবার বেলা দেড়টায় এ পরীক্ষা নেয়া হবে।

ভিকারুননিসায় মূল দিবা শাখায় ২শ' আসনে ভর্তির জন্য এবার ২ হাজার ৪শ' শিশু শিক্ষার্থী মেধার লড়াইয়ে অবতীর্ণ হচ্ছে। গড়ে প্রতি আসনে প্রার্থী ১২ জন। স্কুলের বেইলি রোডের মূল ক্যাম্পাসে পরীক্ষা অনুষ্ঠিত হবে। স্কুলের অধ্যক্ষ অধ্যাপক রোয়েনা হোসেন, যুগান্তরকে জানান, পরীক্ষা অবরোধের আওতামুক্ত রাখায় এবং যানবাহন চলাচল করায় কর্তৃপক্ষ পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নিয়েছে। অন্য পরীক্ষাগুলোও যথারীতি অনুষ্ঠিত হবে।

ইতিমধ্যে রোববারের মূল প্রভাতীর ভর্তি পরীক্ষা স্থগিত করে আগামী শুক্রবার নেয়া হয়েছে। পরীক্ষার্থীদের সকাল সাড়ে ৮টার মধ্যে প্রবেশপত্রসহ আসনগ্রহণ করতে হবে। আগামীকাল ধানমণ্ডি ও বসুন্ধরা ক্যাম্পাসের প্রভাতী ও দিবা শাখার এবং বৃহস্পতিবার আজিমপুর ক্যাম্পাসের প্রভাতী ও দিবা শাখার পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এদিকে রাজধানীর ৮টি সরকারি স্কুলের আজকের ভর্তি পরীক্ষা আগামী শুক্রবার বেলা দেড়টায় অনুষ্ঠিত হবে। 'বি' গ্রুপভুক্ত স্কুলগুলো হচ্ছে— মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, গভ. মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল, ধানমণ্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ধানমণ্ডি কামরুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। এই ৮টি স্কুলের বিভিন্ন শ্রেণীতে আড়াই হাজার আসনের বিপরীতে ১৪ হাজার ৫৪০ জন শিক্ষার্থী ভর্তিযুদ্ধে অবতীর্ণ হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের উপ-পরিচালক রেজাউল করিম জানান, ১১ জানুয়ারির 'গ' গ্রুপের ভর্তি পরীক্ষার তারিখ এখন পর্যন্ত অপরিবর্তিত রয়েছে। এছাড়া ১৩ জানুয়ারি 'এ' গ্রুপভুক্ত ৮টি স্কুলের পরীক্ষা আগের সময়সূচি অনুযায়ী বেলা দেড়টায় নেয়া হবে।